গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ১ শাখা।

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

১৭/০৫/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আব্দুল জলিল ।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপিতে ০৭টি অনুমোদিত এবং ১১টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপি বরাদ্দ ৩৬০০০.০০ লক্ষ টাকা । এপ্রিল ২০১৭ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৭১৫৫.৫০ লক্ষ টাকা (৪৭.৬৫%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১৬৭৫৮.১০ লক্ষ টাকা (৪৬.৫৫%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্প:**<br>সভায় আলোচনা হয় যে, ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নেই এরুপ স্থানকে নিবার্চন এবং ডিপিপি'র প্রভিশন অনুযায়ী যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করা প্রয়োজন। সভায় আরো আলোচনা হয় যে, ডাটা-বেইজ তৈরির বিষয়টি কতটুকু অগ্রগতি লাভ করছে তা সভায় উপস্থাপন করা যেতে পারে। যুগ্মসচিব (উন্নয়ন) সভায় জানান যে, আগামী অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কার্যক্রমের মাসভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন এবং ডিপিপি'র প্রভিশন অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সকল সভা অনুষ্ঠানের পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | ক) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নেই এরুপ স্থানকে নিবার্চন করতে হবে এবং ডিপিপি'র প্রভিশন অনুযায়ী যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক |
| | | খ) ২০১৭ শিক্ষাবর্ষে ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা বেইজ তৈরির বাস্তব অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | | গ) আগামী অর্থ-বছরের জন্য প্রকল্পের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | | ঘ) ডিপিপি'র প্রভিশন অনুযায়ী প্রকল্পের সকলগুলো বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে চলতি অর্থ বছর কমপক্ষে একটি স্টিয়ারিং কমিটির সভা এবং একটি বাস্তবায়ন কমিটির সভা আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | | ঙ) প্রকল্পের মনিটরিং কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ডিজিটাল মনিটরিং সিস্টেম চালু করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক |

( চলমান পৃ:/২)

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | **মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প:**<br>সভায় প্রকল্পের আওতায় ইসলামিক ফাউন্ডেশন এবং বাইরের প্রকাশনা হতে কোন্ লেখক ও সংস্থার কতটি পুস্তক সংগ্রহ করা হয়েছে তার তালিকা এবং মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের ২য় পর্যায়ের ডিপিপি যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের ওপর গুরুত্বারোপ করা হয়। | ক) প্রকল্পের আওতায় ইসলামিক ফাউন্ডেশন এবং বাইরের প্রকাশনা হতে কোন্ লেখক ও সংস্থার কতটি পুস্তক সংগ্রহ করা হয়েছে তার তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের ২য় পর্যায়ের ডিপিপি যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠন করে অতিসত্বর তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.৩ | **ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প:** সভায় জানানো হয় যে, আগামী অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কার্যক্রমের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন এবং ডিপিপি'র প্রভিশন অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সকল সভা অনুষ্ঠানের পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া, সভায় প্রকল্পের জনবল নিয়োগের বিষয়ে ডিপিপি এবং প্রকল্পে নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়। | ক) আগামী অর্থ-বছরের জন্য প্রকল্পের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্পের জনবল নিয়োগের বিষয়ে ডিপিপি এবং প্রকল্পে নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>গ) ডিপিপি'র প্রভিশন অনুযায়ী প্রকল্পের সকলগুলো বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক |
| ৩.৪ | **ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প :**<br>যুগ্মসচিব (উন্নয়ন) সভায় জানান যে, আগামী অর্থ-বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কার্যক্রমের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন এবং ডিপিপি'র প্রভিশন অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সকল সভা অনুষ্ঠানের পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | ক) আগামী অর্থ-বছরের জন্য প্রকল্পের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) ডিপিপি'র প্রভিশন অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন ও স্টিয়ারিং কমিটির সকল সভা অনুষ্ঠানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক |
| ৩.৫ | **মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায় প্রকল্প:**<br>প্রকল্প পরিচালক জানান যে, ৪র্থ পর্যায় প্রকল্পটি জুন'২০১৭ তে সমাপ্ত হবে। প্রকল্পের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। সভাপতি প্রকল্পের আওতায় কর্মশালা ও সম্মেলন একই দিনে পৃথক পৃথক সময়ে করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। | "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় কর্মশালা ও সম্মেলন একই দিনে পৃথক পৃথক সময়ে আয়োজন করার বিষয়টি বিবেচনা করা হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৬ | **মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প:**<br>সভায় জানানো হয় যে প্রকল্পটির উপর ১৮/০১/২০১৭ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। জনবল কমিটির সভার কার্যবিবরণী অনুযায়ী দ্রুত ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা প্রয়োজন। | জনবল কমিটির সভার কার্যবিবরণী অনুযায়ী দ্রুত ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |
| ৩.৭ | **ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প :**<br>যুগ্মসচিব (উন্নয়ন) সভায় জানান যে, আগামী অর্থ-বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কার্যক্রমের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন এবং প্রকল্পটির সংশোধিত প্রস্তাব অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখা দরকার। | ক) আগামী অর্থ-বছরের জন্য প্রকল্পের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পটির সংশোধিত প্রকল্প প্রস্তাবের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক |
| ৩.৮ | **প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প :**<br>সভায় ডিপিইসি সভায় সুপারিশকৃত প্রকল্পটির সংশোধন প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়ন কার্যক্রম চলমান রাখার ওপর গুরুত্বারোপ করা হয়। | ক) প্রকল্পটির সংশোধন প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং প্রকল্প পরিচালক |

(চলমান পৃ:/৩)

| | | | |
|---|---|---|---|
| ৩.৯ | **<u>৩টি পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প:</u>**<br>সভায় জানানো হয় যে, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী হাসপাতাল স্থাপনের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের ক্ষেত্রে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এবং রাঙ্গামাটি জেলার জন্য সম্মতি পাওয়া যায়নি। যে দুটি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এ পর্যায়ে প্রকল্পের শিরোনাম পরিবর্তন করে সে দুটি জেলার জন্য হাসপাতাল তৈরির ডিপিপি প্রণয়নের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রকল্পের শিরোনাম পরিবর্তন করে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য মিশন হাসপাতাল স্থাপনের নিমিত্ত অতিসত্বর ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১০ | **<u>গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্প:</u>**<br>সভায় জানানো হয় যে, স্থাপত্য অধিদপ্তর হতে প্রাপ্ত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর কর্তৃক গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্পের ব্যয় প্রাক্কলন কাজ চলমান রয়েছে। ২/১ দিনের মধ্যে তা সম্পন্ন হবে। সভাপতি প্রকল্পের ডিপিপি আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। | গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১১ | **<u>সিরতা ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প:</u>**<br>সভায় জানানো হয় যে, সিরতা ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের জনবল কমিটির সভার জন্য অর্থ বিভাগে এবং অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে ডিপিপি প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সিরতা ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের জনবল কমিটির সভার জন্য অর্থ বিভাগে এবং অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১২ | **<u>ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্প:</u>**<br>সভায় স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত এ প্রকল্পের নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে ব্যয় প্রাক্কলন করে ডিপিপি প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৩ | **<u>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প:</u>**<br>সভায় জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৪ | **<u>প্রতি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প:</u>**<br>সভায় আলোচনা হয় যে, একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদনকালে যে সকল সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা প্রয়োজন। এছাড়া, প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং নকশা চূড়ান্তকরণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন। | ক) একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং নকশা চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রাখতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

(চলমান পৃ:/৪)

| | | | |
|---|---|---|---|
| ৩.১৫ | **ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ" ২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ প্রকল্প:**<br>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ডিপিপি বাংলায় প্রণয়ন করে ১৭/০৫/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পটির ডিপিপি অনুমোদনের লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। | প্রকল্পটির ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ওয়াক্ফ প্রশাসক এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় । |
| ৩.১৬ | **আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প:**<br>তুরস্কের সুলতানী আমলে প্রতিষ্ঠিত মসজিদের মূল স্থাপত্য ডিজাইন ঠিক রেখে কুয়েত সরকারের অর্থায়নে ২০ তলা ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর প্রতিনিধি ও জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং প্রত্নতত্ব অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর এবং বুয়েটের একজন বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত টীম প্রকল্পের সার্বিক বিষয়ের দিক নির্দেশনা প্রদানের জন্য সরেজমিনে প্রকল্প পরিদর্শন করবে মর্মে গত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত টীমের কার্যক্রম দ্রুত শুরুর বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | কুয়েত সরকারের অর্থায়নে ২০ তলা ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর প্রতিনিধি ও জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং প্রত্নতত্ব অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর এবং বুয়েটের একজন বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত টীম প্রকল্পের সার্বিক বিষয়ের দিক নির্দেশনা প্রদানের জন্য সরেজমিনে প্রকল্প পরিদর্শন করবে মর্মে গত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত টীমের কার্যক্রম দ্রুত শুরুর বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং যুগ্মসচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.১৭ | **ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ প্রকল্প:**<br>সভায় আলোচনা হয় যে, ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড সভায় ইসলামিক ফাউন্ডেশন ছাপাখানা আধুনিকীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ইসলামিক ফাউন্ডেশন ছাপাখানা আধুনিকীকরণের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৮ | **বায়তুল মোকাররম মসজিদ কমপ্লেক্স পুন: নির্মাণ প্রকল্প :**<br>সভায় বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য ইতোমধ্যে সম্পাদিত প্রকল্পের মূল কাজের মাস্টার প্ল্যান সংগ্রহের ওপর গুরুত্বারোপ করা হয়। | মাস্টার প্ল্যান সংগ্রহের জন্য স্থপতি সংসদের নিকট পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন) |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-২৯/০৫/২০১৭ খ্রি.
মোঃ আব্দুল জলিল
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(চলমান পৃ:/৫)

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪.২২৪ তারিখ: ৩০.০৫.২০১৭ খ্রি.

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ উপ-সচিব, বাজেট অধিশাখা-২৩]।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৫। ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।
০৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
[দৃ: আ: জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা
[দৃ: আ: জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১, বিভাগ-৩]।
০৮। যুগ্ম-সচিব( হজ্জ/সংস্থা/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।
১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৩। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| | |
|---|---|
| ১৫। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা<br>১৬। প্রকল্প পরিচালক, ''মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়''শীর্ষক প্রকল্প, ঢাকা।<br>১৭। প্রকল্প পরিচালক ''প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা'' শীর্ষক প্রকল্প, জোবেদা ভিলা (২য় তলা),৬৭/৪,এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।<br>১৮। প্রকল্প পরিচালক, ''ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ'' শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা ।<br>১৯। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।<br>২০। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা ।<br>২১। প্রকল্প পরিচালক, "ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা। | সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৮/০৬/১৭ তারিখের মধ্যে বিনা ব্যর্থতায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। |

২২। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২৩। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।
২৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
২৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
২৭। সহকারী প্রোগ্রামার,ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
২৮। অফিস কপি/মাস্টার কপি।

৩০/০৫/১৭

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৭২৩৭